

বিষয়: ‘জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮’ এর ডিজিটাল সার্ভিস বাস্তবায়নে রোডম্যাপ প্রণয়ন ও ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব (DSDL) কর্মশালা আয়োজনের নিমিত্ত a2i এর Digital Service Accelerator টিমের সঙ্গে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	যুগ্মসচিব (শুল্ক) ও আহবায়ক, জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন কমিটি, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
সভার তারিখ	১৫ মার্চ, ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১১.৩০ ঘটিকা
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা (পরিশিষ্ট-১)।
সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর কার্যপত্র অনুযায়ী সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্যে সহকারী প্রোগ্রামার কে অনুরোধ করেন।	


২.০। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

৩.০। আলোচ্য বিষয়-১ ‘জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮’ এর ডিজিটাল সার্ভিস বাস্তবায়নে রোডম্যাপ প্রণয়ন ও ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব (DSDL) কর্মশালা আয়োজন।

৩.১। জনাব মো: গোলাম ছারওয়ার, service Design Analyst, a2i ‘জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮’ এর ডিজিটাল সার্ভিস বাস্তবায়নে রোডম্যাপ প্রণয়ন ও ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব (DSDL) কর্মশালা আয়োজনের নিমিত্ত PowerPoint এর মাধ্যমে করণীয় বিষয় ও ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব (DSDL) সম্পর্কে ধারণা প্রদান করেন। এ বিভাগে বিগত ৯-১০ সেপ্টেম্বর ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত রোডম্যাপ কর্মশালায় যে সকল সেবা ডিজিটালাইজ করা যায় তা নির্বাচন করা হয় এবং তা ডিজিটালাইজ করা সহ বর্তমানে চালুকৃত ডিজিটাল সেবাসমূহ একই প্ল্যাটফর্ম অর্থাৎ ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব (DSDL) এর মাধ্যমে সুষ্ঠুভাবে সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে যা জনগণের সেবা গ্রহণে সহজ হবে বলে উল্লেখ করা হয়। এ বিভাগ ও এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক প্রদানকৃত সেবাসমূহ ডিজিটালাইজকরণসহ বর্তমানে চালুকৃত ডিজিটাল সেবাসমূহ একই সেবার আওতায় আনার মাধ্যমে সেবা গ্রহীতাকে সেবা প্রদান সহজিকরণসহ দাপ্তরিক সেবা ডিজিটালাইজ হবে মর্মে আলোচনা করা হয়। এছাড়াও ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব (DSDL) বাস্তবায়নে এ বিভাগকে a2i এর Digital Service Accelerator টিম প্রয়োজনীয় যে সকল সেবা প্রদান করবেন তা আলোচনা করেন। উক্ত আলোচনার ভিত্তিতে ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব (DSDL) বাস্তবায়নের জন্য বিষয়টি উর্দ্ধতন কর্তৃপক্ষের সদয় অবগতির জন্য a2i কর্তৃক পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে এ বিষয়ক আলোচনা করা হয়।

সিদ্ধান্ত: অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক এ বিভাগ ও এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে ডিজিটাল সার্ভিস ডিজাইন ল্যাব (DSDL) বাস্তবায়নের জন্য একটি কর্মশালা আয়োজন করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



যুগ্মসচিব (শুল্ক) ও আহবায়ক, জাতীয় তথ্য ও  
যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ বাস্তবায়ন  
কমিটি,  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৪৬.৩৫.০০৪.২০.২২

তারিখ: ৭ চৈত্র ১৪২৮

২১ মার্চ ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপ সচিব, শাখা-৪ (শুল্ক-মুসক), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ২) চিফ স্ট্রাটেজিস্ট ইগভার্নেন্স, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ৪) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ



এস. এম. আব্দুল কাদের  
উপসচিব